যুগান্তর

তারিখ 3 MAY 2010
পৃষ্ঠা ... কলাম 2

# কর্তব্যে অবহেলার অভিযোগে ঢাবির ৪১ কর্মকর্তাকে শোকজ

যুগান্তর রিপোর্ট

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ৪১ কর্মকর্তাকে শোকজ করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এদের একজনের বিরুদ্ধে তথ্য গোপন করে কর্তৃপক্ষকে বিভ্রান্তি ও সরকারি মহলে বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ন করার অভিযোগ রয়েছে। অপর ৪০ জনের বিরুদ্ধে কর্তব্যে অবহেলা ও অফিস শেষ হওয়ার আগে অফিস ত্যাগের অভিযোগ পাওয়া গেছে।

জানা গেছে, রোববার প্রধানমন্ত্রীর কার্যালয়ে পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভিসিদের একটি বৈঠক ছিল। বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন প্রতিনিধি যোগ দেননি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি আআমস আরেফীন সিদ্দিক বর্তমানে দেশের বাইরে অবস্থান করছেন। নিয়ম অনুসারে ভিসির অনুপস্থিতিতে ভারপ্রাপ্ত ভিসি হারুন অর রশীদের ওই বৈঠকে যোগদানের কথা ছিল। কিন্তু ভিসির ব্যক্তিগত কর্মকর্তা এবি সিদ্দিকুর রহমান ভারপ্রাপ্ত ভিসিকে বিষয়টি অবহিত করেননি। এর ফলে সরকারি মহলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাব-মর্যাদা এবং দায়িত্ব জ্ঞানহীনতা নিয়ে প্রশ্ন ওঠে। এ পরিস্থিতিতে এবি সিদ্দিকুর রহমানকে শোকজ করা হয়েছে। একই সঙ্গে কেন তিনি বিষয়টি অবহিত করেননি ২৪ ঘণ্টার মধ্যে তার কারণ দর্শাতে বলা হয়েছে।

উল্লেখ্য, তার বিরুদ্ধে সিনেট ভবনে তার ৩২ জন আত্মীয়-স্বজন নিয়োগ দেয়াসহ বিগত জোট সরকারের আমলে নিয়োগ বাণিজ্যের অভিযোগ রয়েছে। এদিকে যথাসময়ে কাজে যোগদান না করা এবং কাজ শেষ হওয়ার আগে অফিস ত্যাগ এবং অফিস না করে বেতন-ভাতা নেয়ার অভিযোগ রয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাদের বিরুদ্ধে।

এ অবস্থায় রোববার সকাল সাড়ে ৯টার দিকে ভারপ্রাপ্ত ভিসি কয়েকটি বিভাগে আকস্মিক অভিযান চালান। এতে রেজিস্ট্রার, হিসাব বিভাগ, প্রকৌশল এবং পরীক্ষা নিয়ন্ত্রক বিভাগে মোট ৪০ জন কর্মকর্তাকে [illegible], যারা তখনও কাজে যোগদান করেননি। এ সময় তিনি তাদের প্রত্যেককে শোকজ করেন। একই সঙ্গে তাদের সতর্ক করে দেয়া হয়েছে। এ ব্যাপারে হারুন অর রশীদের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি ঘটনার সত্যতা স্বীকার করেন।